ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-২

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪০৫.৩৯.১২০.২৩** নথির বিষয়: মড্স জোন -২ এর আওতাধীন সিদ্দিক বাজারলেন/বাইলেন, নাজিরাবাজার, হাজী ওসমান গণি রোড, নর্থ-সাউথ, মালিটোলা, নবাবপুর রোড (পশ্চিম পার্শ্ব) রোডসহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও স্লাজ অপসারন কাজ (গ্রুপ- ০৪)।

নোট: ১ নোটের বিষয়: **মড্স জোন -২ এর আওতাধীন সিদ্দিক বাজারলেন/বাইলেন, নাজিরাবাজার, হাজী ওসমান গণি রোড, নর্থ-সাউথ, মালিটোলা, নবাবপুর রোড (পশ্চিম পার্শ্ব) রোডসহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও স্লাজ অপসারন কাজ (গ্রুপ- ০৪)।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৮/১১/২৩ ১:৫৯ অপরাহ্ন

সদয় অবগত করানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার মডস্ জোন-২ এলাকা ঢাকা মহানগরীর অন্যতম জনবহুল বানিজ্যিক,আবাসিক এবং পর্যটন এলাকা। এই জোনের আওতাধীন এলাকায় লালবাগের কেল্লা, আহসান মঞ্জিল, হোসেনী দালান, ছোট কাটরা, বড় কাটরা, মকিম বাজার ইত্যাদি ঐতিহাসিক স্থাপনা বিদ্যমান রয়েছে। এছাড়া চকবাজার, মৌলভী বাজার, ইসলামপুর, সদরঘাটসহ গুরুত্বপূর্ণ বাণিজ্যিক স্থান রয়েছে। ফলে দেশী বিদেশী পর্যটক, ব্যবসায়ী ব্যক্তি ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গসহ সাধারণ ব্যক্তিগণ চলাচল করে থাকেন । এম.আই.এস রিপোর্ট অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১৬২ কিলোমিটার Sewerage Network এবং প্রায় ৩৫০০ টি Manhole ও Y pit বিদ্যমান রয়েছে। উক্ত Sewerage Network দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল বাবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। সুষ্ঠু পয়ঃ ব্যবস্থাপনা বজায় রাখতে বাৎসরিক ভিত্তিতে Much Cleaning কাজ করা হয়। মডস জোন- এর Sewerage Network টি দীর্ঘ দিনের পুরাতন ও সিটি কর্পোরেশন বিভিন্ন উন্নায়ন মুলক কাজের কারণে Sewerage Network টির বিভিন্ন অংশ ক্ষতি গ্রস্থ হয়েছে। বর্তমানে জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় Sewerage Network Block হয়ে Sewer flow বাধা প্রাপ্ত হচ্ছে। যার ফলে বিভিন্ন এলাকায় মাঝে মঝেই Sewer overflow হয়ে পরিবেশ দূষিত হয় ফলে জনস্বাস্থ্যের ঝুকি বৃদ্ধিসহ সাধারণ জন চলাচল বিঘ্নিত হচ্ছে। Sewer overflow কারণে প্রায়শই অভিযোগ পাওয়া যায়। বিভাগীয় সীমিত লোকবল দ্বারা Sewer overflow নিরসনের কাজ চালিয়ে নেয়া হচ্ছে। কিন্তু সুষ্ঠুভাবে Sewer flow বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে আসন্ন তীব্র শীত মৌসুমের পূর্বেই জরুরী ভিত্তিতে Sewerage Network ও Manhole সমূহ Much Cleaning কাজ করা প্রয়োজন। কেননা পরবর্তীতে তীব্র শীত মৌসুমে Sewerage Network ও Manhole সমূহ Much Cleaning করা কষ্টসাধ্য হয়। উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে মৌখিক আলোচনার প্রেক্ষিতে পূর্ববর্তী বছরের ন্যায় দৈনিক মজুরী ভিত্তিতে কাজ করার পরিকল্পনা করা হয়েছে। সেই প্রেক্ষিতে মডস জোন -২ এর সমগ্র এলাকা (২২ গ্রুপ মাস্ ক্লিনিং) ২২ টি ভাগে বিভক্ত করা হয়। উক্ত ২২ টি গ্রুপের মধ্যে ১ম পর্যায় ৭ টি গ্রুপ Much Cleaning এর Sludge উত্তোলনের এবং উত্তেলিত Sludge অপসরনের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। মডস জোন -২ এর আওতাধীন এলাকায় বৎসরিক Much Cleaning কাজের ২য় পর্যায় উত্তোলিত Sludge সরানো সহ (৯ টি নথি) নথির কাজ আগামী ০৫/১২/২০২৩ ইং তারিখে হতে শুরু করা যেতে পারে। উল্লেখ্য যে, Much Cleaning কাজের ধারাবাহিকতা থাকলে Sewerage Network এর Sewer flow স্বাভাবিক রাখা সম্ভব হবে। এছাড়াও Sewerage Network এর পাশাপাশি এলাকাবাসীর সাথে যোগাযোগ থাকায় অল্প সময়ের ব্যবধানে Much Cleaning কাজ করা হলে কাজ করিতে সুবিধা হয়। ইহা ছাড়াও গ্রাহক সন্তুষ্ঠি অর্জনের পাশাপাশি ঢাকা ওয়াসার সুনাম বৃদ্ধি পায়। কাজ চলাকালীন সময়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী মডস সার্কেল -১ সাহেবকে কাজের অগ্রগতির তথ্যসহ ই-মেইলে কাজ শেষে ছবি প্রেরন হয়ে থাকে। যে সকল স্থানে ১ম পর্যায় কাজ শেষ হয়েছে তা নিম্নে উল্লেখ করা হলঃ

ক) তাঁতি বাজার, প্রসন্ন পোদ্দার লেন, শাখারী বাজার, কোর্ট হাউস স্ট্রিট, রাজার দেউড়ি, রাধিকা মোহন বসাক লেন সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ। (গ্রুপ-২) মোট ৭.০৫ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ২৩৮ টি ম্যনহোল পরিস্কার করা হয়েছে।

খ) শেখ সাহেব বাজার, সুবল দাস রোড, নগর বেলতলী, ঋষিপাড়া, লালবাগ রোড, কাজী রিয়াজ উদ্দিন রোড, আতশখানা, পুষ্পরাজ সাহা লেন, জগন্নাথ সাহা রোড, রাজা শ্রীনাথ স্ট্রিট,হরমোহন শীল স্ট্রিট সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ আপসারন কাজ।(গ্রুপ-৩) মোট ৫.৭ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১৭৩ টি ম্যনহোল পরিস্কার করা হয়েছে।

গ) হাজারীবাগ রোড, মনেশ্বর রোড, মনেশ্বর ১ম ও ২য় লেন, গজমহল, ঝিগাতলা, নবীপুর সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ আপসারন কাজ।(গ্রুপ-৮) মোট ৫.০৫ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১৯৬ টি ম্যনহোল পরিস্কার করা হয়েছে।

ঘ) চাঁনখারপুল, আলী নেকী দেউড়ি, নবাব কাটরা, আবুল হাসনাত রোড লেন/বাইলেন, বংশাল রোড লেন/বাইলেন, টি এন্ড টি-র গলি, কিউট-এর গলি, সাবান ওয়ালা গলি, চুড়ি ওয়ালা গলি, সাত রওজা রোড লেন/বাইলেন সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ আপসারন কাজ। (গ্রুপ-১৪) মোট ৫.২৫ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১৬৮ টি ম্যনহোল পরিস্কার করা হয়েছে।

ঙ) ওয়াটার ওয়ার্কস রোড, হাজী রহিম বক্স লেন, শায়েস্তা খান রোড, খাজে দেওয়ান ১ম ও ২য় লেন, হরনাথ ঘোষ রোড, কে.বি. রুদ্র রোড, খাজেদল সিং লেন, গৌরসুন্দর রায় এলাকা সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ আপসারন কাজ। (গ্রুপ-১৬) মোট ৫.৯ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১২৪ টি ম্যনহোল পরিস্কার করা হয়েছে।

চ) লালবাগ চৌরাস্তা হইতে আবুল হাসনাত রোড পর্যন্ত ট্রাংক পয়ঃ লাইন মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ আপসারন কাজ। (গ্রুপ-২০) মোট ১.০৬ কিঃমিঃ পয়ঃ লাইন পরিস্কার করা হয়েছে।

ছ) নবাবগঞ্জ পয়ঃ লিফট স্টেশন হইতে লালবাগ চৌরাস্তা পর্যন্ত ট্রাংক পয়ঃ লাইন মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ আপসারন কাজ। (গ্রুপ-২২) মোট ০.৮৪৫ কিঃমিঃ পয়ঃ লাইন পরিস্কার করা হয়েছে। পয়ঃলাইন ও ম্যানহোল পিট বাৎসরিক রুটিন অনুযায়ী ক্লিনিং কাজ করা হলে ওভারফ্লো এর অভিযোগ কম থাকে। সেই প্রেক্ষিতে ২২ টি গ্রুপের মধ্যে ২য় পর্যায় কাজ শুরুর জন্য সিদ্দিক বাজারলেন/বাইলেন, নাজিরাবাজার, হাজী ওসমান গণি রোড, নর্থ-সাউথ, মালিটোলা, নবাবপুর রোড (পশ্চিম পার্শ্ব) রোডসহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও স্লাজ অপসারন কাজ (গ্রুপ- ০৪) (সংযুক্তিঃ বিবেচ্য সংযুক্তি: প্রস্তাবিত কাজের সিস্টেম ম্যাপ।, সদয় দ্রষ্টব্য।) সহ আশপাশের এলাকায় ২০ দিন ব্যাপী কয়েকটি ভাগে বিভক্ত করিয়া মাস্ ক্লিনিং কাজ করার জন্য ঢাকা ওয়াসা এর পূর্ব অনুমোদিত দর (সংযুক্তিঃ বিবেচ্য সংযুক্তি: পূর্ব অনুমোদিত দরের কপি।, সদয় দ্রষ্টব্য।) অনুযায়ী খরচের হিসাব তৈরী করা হয়েছে। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে = ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাশি হাজার টাকা) মাত্র (সংযুক্তিঃ বিবেচ্য সংযুক্তি: প্রাক্কলন।, সদয় দ্রষ্টব্য।)। নথিটি অনুমোদিত হলে উক্ত টাকার চেক নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-২ এর অনুকুলে ইস্যু করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৩):

১। প্রস্তাবিত কাজের সিস্টেম ম্যাপ।.
২। পূর্ব অনুমোদিত দরের কপি।.
৩। প্রাক্কলন।.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৮/১১/২৩ ২:০০ অপরাহ্ন

এমতাবস্থায়, জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে জরুরী ভিত্তিতে সুষ্ঠু পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে মডস জোন -২ এর আওতাধীন সিদ্দিক বাজারলেন/বাইলেন, নাজিরাবাজার, হাজী ওসমান গণি রোড, নর্থ-সাউথ, মালিটোলা, নবাবপুর রোড (পশ্চিম পার্শ্ব) রোডসহ সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও স্লাজ অপসারন কাজ (গ্রুপ- ১৫)। বাস্তবায়নের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৮২(১) ধারা (Force

Account) অনুসারে =২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাশি হাজার) টাকার প্রাক্কলনটিসহ বিগত বছরের ন্যায় উক্ত টাকার চেক নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-২ এর অনুকুলে অনুমোদন করা যেতে পারে। ইস্যু কৃত চেক হতে প্রাপ্ত টাকা বর্নিত কাজে ব্যয় করা হবে এবং কাজ শেষে লেবার বিলের মাধ্যমে সমন্বয় করা হবে। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৫৪ (Force Account) হতে নির্বাহ করা হবে (সংযুক্তিঃ বিবেচ্য সংযুক্তি:   ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।, সদয় দ্রষ্টব্য।)।

২৮/১১/২৩ ২:১৪ অপরাহ্ন মোঃ হাফিজুর রহমান উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-২	২৮/১১/২৩ ৩:৫৬ অপরাহ্ন মোহাম্মদ ইখতিয়ার মাসউদ সহকারী প্রকৌশলী মডস জোন-২	~~২৮/১১/২৩ ৩:৫৬ অপরাহ্ন~~ ~~মোঃ হাফিজুর রহমান~~ ~~উপ সহকারী প্রকৌশলী~~ ~~মডস জোন-২~~

সংযুক্তিসমূহ (১):

১। ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৮/১১/২৩ ৪:২৫ অপরাহ্ন

অনুচ্ছেদ নং ১.১ সংশোধন করে পুনরায় উপস্থাপন করা হল। জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে জরুরী ভিত্তিতে সুষ্ঠু পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে মডস জোন -২ এর আওতাধীন সিদ্দিক বাজারলেন/বাইলেন, নাজিরাবাজার, হাজী ওসমান গণি রোড, নর্থ-সাউথ, মালিটোলা, নবাবপুর রোড (পশ্চিম পার্শ্ব) রোডসহ সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও স্লাজ অপসারন কাজ (গ্রুপ- ৪)। বাস্তবায়নের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৮২(১) ধারা (Force Account) অনুসারে =২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাশি হাজার) টাকার প্রাক্কলনটিসহ বিগত বছরের ন্যায় উক্ত টাকার চেক নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-২ এর অনুকুলে অনুমোদন করা যেতে পারে। ইস্যু কৃত চেক হতে প্রাপ্ত টাকা বর্নিত কাজে ব্যয় করা হবে এবং কাজ শেষে লেবার বিলের মাধ্যমে সমন্বয় করা হবে। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৫৪ (Force Account) হতে নির্বাহ করা হবে (সংযুক্তিঃ ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি) ।

২৮/১১/২৩ ৪:২৫ অপরাহ্ন মোঃ হাফিজুর রহমান উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-২	২৮/১১/২৩ ৪:২৭ অপরাহ্ন মোহাম্মদ ইখতিয়ার মাসউদ সহকারী প্রকৌশলী মডস জোন-২	২৯/১১/২৩ ১০:০৩ পূর্বাহ্ন মোহাম্মদ নজরুল ইসলাম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-২	৩০/১১/২৩ ১১:১৮ পূর্বাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১
			৩০/১১/২৩ ১২:৩২ অপরাহ্ন মোঃ কামরুল হাসান, হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)
			~~৩০/১১/২৩ ১২:৩২ অপরাহ্ন~~ ~~এ. কে. এম. সহিদ উদ্দিন~~ ~~উপ ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)~~ ~~উপ ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৩০/১১/২৩ ১:৫৬ অপরাহ্ন

Forwarded for the approval of note 1.1.

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

৩০/১১/২৩ ১:৫৬ অপরাহ্ণ এ. কে. এম. সহিদ উদ্দিন উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম) উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর	~~৩০/১১/২৩ ১:৫৬ অপরাহ্ণ~~ ~~প্রকৌশলী তাকসিম এ খান~~ ~~ব্যবস্থাপনা পরিচালক~~ ~~ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২/১২/২৩ ১১:৩৩ পূর্বাহ্ণ

Okay

২/১২/২৩ ১১:৩৩ পূর্বাহ্ণ
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

৩/১২/২৩ ১১:৫২ পূর্বাহ্ণ মোহাম্মদ নজরুল ইসলাম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-২	৩/১২/২৩ ১১:৫২ পূর্বাহ্ণ মোঃ হাফিজুর রহমান উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-২